SKS

# নিয়োগ বিজ্ঞপ্তি

**এসকেএস ফাউন্ডেশন** জাতীয় পর্যায়ের একটি স্বীকৃত বেসরকারী উন্নয়নমূলক সংস্থা যা, ১৯৮৭ সাল থেকে দরিদ্র জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) সনদ সহ (এমআরএ-০১৬২১-০০৫৩৪-০০০৪৫) একাধিক প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। উক্ত সংস্থায় ঋণ কার্যক্রম বাস্তবায়ন ও সম্প্রসারণের নিমিত্তে নিম্নে উল্লিখিত পদে কর্মী নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদেরকে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিত আবেদনপত্রের সঙ্গে পূর্ণ জীবন বৃত্তান্ত (ইমেইল ও মোবাইল নম্বর উল্লেখসহ), ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের ফটোকপি আগামী **০৮ নভেম্বর ২০২৫ ইং** তারিখ অফিস সময়ের মধ্যে **এসকেএস ফাউন্ডেশন, কলেজ রোড, উত্তর হরিণ সিংহা, গাইবান্ধা- ৫৭০০** ঠিকানায় ডাক/কুরিয়ার/সরাসরি প্রেরণের আহবান করা যাচ্ছে। এছাড়াও hr@sks-bd.org এই মেইলে আবেদন করতে পারবেন। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। **পরীক্ষা গ্রহণের ভেন্যু হবে ঢাকা, সিরাজগঞ্জ ও গাইবান্ধা জেলা।**

**১. সমন্বয়কারী, এমএফ- (০১ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** পাবলিক বিশ্ববিদ্যালয়/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে মাস্টার্স। মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) সনদ প্রাপ্ত কোন স্বনামধন্য এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে একসাথে ৭০ টি ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৭ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। **বয়স**-অনুর্ধ্ব ৪৫ বছর। **বেতন-ভাতা:** মাসিক সর্বসাকুল্যে ১,০০,০০০/- টাকা। অধিক অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বেতন ভাতা আলোচনা সাপেক্ষে নির্ধারিত হবে এবং বয়স শিথিলযোগ্য। **ব্রাঞ্চ পরিদর্শনের জন্য গাড়ী সুবিধা এবং নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।**

**২. এরিয়া ম্যানেজার- (০৫ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স/চার বছর মেয়াদী অনার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে একসাথে ০৫ টি ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স**-অনুর্ধ্ব ৪০ বছর। **বেতন-ভাতা:** : শিক্ষানবিশকালে (৪ মাস) যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে মাসিক বেতন ভাতা হবে সর্বসাকুল্যে ৪৩,৭০০/- টাকা হতে ৬৫,০০০/- টাকা। এছাড়াও মোবাইল ভাতা ১,০০০/-, জ্বালানী ভাতা ৪,০০০/-, দুরত্ব ভাতা ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৩. ব্রাঞ্চ ম্যানেজার- (১০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স/স্নাতক ডিগ্রী। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স**-অনুর্ধ্ব ৪০ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে মাসিক বেতন ভাতা হবে সর্বসাকুল্যে ৩৩,৩১৩/- টাকা হতে ৫০,০০০/- টাকা। এছাড়াও মোবাইল ভাতা ৭০০/-, জ্বালানী ভাতা ৩,৫০০/-, দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৪. সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (ফিল্ড কালেকশন)- (৫০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স/স্নাতক ডিগ্রী। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**- অনুর্ধ্ব ৪০ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে মাসিক বেতন ভাতা হবে সর্বসাকুল্যে ২৫,৯৭০/- টাকা হতে ৪০,০০০/- টাকা। এছাড়াও দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৫. ফিল্ড অফিসার- (১০০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:** যে কোন বিষয়ে মাস্টার্স/স্নাতক ডিগ্রী। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ১-২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স**- অনুর্ধ্ব ৩৫ বছর। **বেতন-ভাতা:** শিক্ষানবিশকালে (৪ মাস) যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে মাসিক বেতন ভাতা হবে সর্বসাকুল্যে ২০,৯৩০/- টাকা হতে ৩৫,০০০/- টাকা। এছাড়াও দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

**৬. ট্রেইনি ফিল্ড স্টাফ- (১০০ জন): শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম ডিগ্রি পাস। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কাজ করার মানসিকতা থাকতে হবে। মোটরসাইকেল চালনার দক্ষতা থাকতে হবে। **বয়স**-অনুর্ধ্ব ৩৫ বছর। **বেতন-ভাতা:** প্রশিক্ষণকালীন সময়ে মাসিক সম্মানী হবে সর্বসাকুল্যে ১০,০০০/- টাকা। সন্তোষজনক ভাবে দুই (২) মাস প্রশিক্ষণকাল সমাপ্ত করার পর সংস্থার নিয়ম অনুযায়ী বেতন ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে।

**এছাড়াও সাপ্তাহিক ২ দিন ছুটি, ব্যয়বহুল স্থান ও চরে অবস্থিত ব্রাঞ্চে কাজের জন্য বিশেষ যাতায়াত ভাতা এবং সফলভাবে শিক্ষানবিশকাল সমাপ্তের পর সংস্থার নিয়ম অনুযায়ী পি.এফ, গ্রাচুয়িটি, চিকিৎসা সেবা সহায়তা, বৈশাখী ভাতা, উৎসব ভাতা প্রদান করা হবে।** উল্লেখ্য যে, ২, ৩, ৪, ৫, ও ৬ নং পদে উত্তীর্ণ প্রার্থীদের যোগদানের সময় নীতিমালা অনুযায়ী জামানত (ফেরতযোগ্য) প্রদান করতে হবে। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে পেতে ও অনলাইন আবেদনের জন্য ভিজিট করুন: **https://www.sks-bd.org/index.php/career**

**বি: দ্র:** খামের উপরে এবং আবেদনপত্রে অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী ছাড়া অন্যান্যদের আবেদন গ্রহণযোগ্য হবে না। **উক্ত নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার আর্থিক লেনদেন হতে বিরত থাকুন।**

**উপ-পরিচালক**

মানব সম্পদ